কৃষি মন্ত্রণালয়ের ২০ ডিসেম্বর ২০১৫ খ্রি. তারিখের ১২.০৫২.০১১.০০.০০.০২৯.২০১৫-১৩৫৪ সংখ্যক স্মারক মোতাবেক প্রদেয় ছাড়পত্র অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে ১১তম গ্রেডভুক্ত উপসহকারী কৃষি কর্মকর্তা এর ১৪৭৯ টি শুন্য পদ (কারিগরি পদ) পূরণের নিমিত্ত ৩১ মে ২০১৬ খ্রি. তারিখে দৈনিক সংবাদ ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে

Online এ আবেদনপত্র পূরণের নির্দেশাবলী

১) প্রার্থীগণ যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে http://dae.teletalk.com.bd অথবা http://www.dae.gov.bd ঠিকানায় গিয়ে Online Application Form পূরণ পূর্বক রেজিষ্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

২) Application Form পূরণ করার সময় প্রার্থীকে অবশ্যই Mandatory (লাল তারকা চিহ্নিত) Field গুলো পূরণ করতে হবে।

৩) **ছবি (Photo)ঃ** অনলাইন আবেদনপত্রের প্রথম অংশ সফলভাবে পূরণ সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে **JPG/JPEG** ফরম্যাটে (দৈর্ঘ্য×প্রস্থ) **300×300 Pixel** রঙিন/ Colour ছবি Upload করতে হবে যা কোনভাবেই **100 KB এর অধিক হবে না**। নির্ধারিত মাপের অনধিক তিনমাস মধ্যে তোলা নিজের রঙিন/ Colour ছবি JPG/JPEG ফরম্যাটে Upload করতে হবে। **সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি/ ছবিতে চোখ সহ চেহারা স্পষ্ট নয় এমন ছবি গ্রহণযোগ্য হবে না।**

৪) **স্বাক্ষর (Signature)ঃ** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে **JPG/ JPEG** ফরম্যাটের Signature Upload করার জন্য সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর করতে হবে (টাইপ/ মুদ্রণ নয়) যা (দৈর্ঘ্য×প্রস্থ) **300×80 Pixel** আকারে Scan করতে হবে এবং File Size কোনভাবেই **60 KB এর অধিক হবে না**। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী Applicant's Copy তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৫) Online আবেদনপত্রের Home Page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে এবং প্রয়োজনে মেনুবারে দেওয়া Photo & Signature Validator লিংক এর মাধ্যমে প্রার্থী তার Photo এবং Signature শর্তানুযায়ী যাচাই করতে পারবেন। এছাড়াও প্রার্থী তার Photo এবং Signature উল্লিখিত মাপে তৈরি করার জন্য Online Image Resize Tools এর সাহায্য নিতে পারবেন।

৬) Online এ আবেদনপত্র যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করার পর প্রার্থীকে Submit বাটন-এ ক্লিক করে চুড়ান্তভাবে Application Form Submit করতে হবে।

৭) চুড়ান্তভাবে Submission করার পরে USER ID (যা এসএমএস এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী একটি Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

৮) অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য www.dae.gov.bd সাইট নিয়মিত Visit করতে হবে। তাছাড়া আবেদন ফরম পূরণে কোন অসুবিধার সম্মুখীন হলে টেলিটকের প্রিপেইড নাম্বার থেকে ১২১ এ কল করুন অথবা vas.query@teletalk.com.bd তে ইমেইল করুন অথবা টেলিটকের কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন।

৯) **পরীক্ষার ফি জমা প্রদানঃ** Applicant's Copy তে প্রাপ্ত USER ID ব্যবহার করে পরবর্তী **৭২ ঘন্টার মধ্যে** টেলিটকের নাম্বার থেকে SMS এর মাধ্যমে DAE নিয়োগ পরীক্ষার ফি **"নিয়োগ বিজ্ঞপ্তিতে"** উল্লেখিত পদের জন্য **১১২/- (একশত বার) টাকা** জমা দিবেন।

প্রথম SMSঃ DAE<space>User ID and send to 16222

Example: **DAE RSMUDCTQ**

Send to 16222

উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে।

নির্দেশমতে প্রার্থী ২য় SMS এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেনঃ

দ্বিতীয় SMSঃ DAE<space>Yes<space>PIN and send to 16222

Example: **DAE Yes 12145214**

Send to 16222

উক্ত SMS প্রাপ্তির পর Teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদান নিস্পন্ন হয়েছে সে সম্পর্কে অবহিতপূর্বক USER ID ও PASSWORD প্রদান করা হবে।

১০) **পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র ও Admit card (প্রবেশপত্র) প্রাপ্তিঃ** পরবর্তীতে উক্ত USER ID ও PASSWORD ব্যবহার করে প্রার্থীগণ Admit card (প্রবেশপত্র) http://dae.teletalk.com.bd থেকে ডাউনলোড/ প্রিন্ট করতে পারবেন। উক্ত Admit card (প্রবেশপত্র) এ পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষা কেন্দ্র উল্লেখ থাকবে। Admit card (প্রবেশপত্র) ডাউনলোড/ প্রিন্ট করার নির্ধারিত সময়সীমা SMS/ Online Notice এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে।

১১) **হারানো User ID এবং Password পুনরুদ্ধারঃ** অনলাইন আবেদনপত্র Submit হওয়ার পর প্রাপ্ত User ID এবং পরীক্ষার ফি জমা দেওয়া শেষে SMS এর মাধ্যমে প্রাপ্ত Password হারিয়ে গেলে তা পুনরুদ্ধারে Online আবেদনপত্রের Home Page এর মেনু বারে দেওয়া Payment Status এ ক্লিক করলে পরবর্তী একটি Page Open হবে। উক্ত পাতার মেনু বারে Recover User ID এবং Recover Password এ ক্লিক করতে হবে এবং পরবর্তী নির্দেশনা অনুযায়ী তথ্য প্রদানের মাধ্যমে হারানো User ID এবং Password পাওয়া যাবে।

১২) কোন প্রার্থী মিথ্যা, ভিন্ন/ ভুল তথ্য দিয়ে একাধিকবার আবেদন ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র (Admit Card) গ্রহণ করলে আবেদন প্রক্রিয়াকরণের যে কোন স্তরে তা প্রমানিত হলে তার সামগ্রিক প্রার্থীতা বাতিল হবে এবং তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য সকল পদে সকল প্রকার আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩) লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কাছ থেকে প্রয়োজনীয় কাগজপত্র অনলাইনে জমা নেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত নির্দেশনা লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর http://dae.teletalk.com.bd এবং http://www.dae.gov.bd ঠিকানায় দেওয়া হবে।